আ... 16 MAR 1994 ...
পৃষ্ঠা... ১ ... কলাম... ৪...

দৈনিক সংবাদ

195

২৫

# ১০ দফা পূরণ করুন ঃ ছাত্রঐক্য

সর্বদলীয় ছাত্রঐক্যের সমাবেশে গণতান্ত্রিক ছাত্র কেন্দ্রের আহবায়ক হারুনুর রশিদ ও সদস্য রুহুল আমিন ফারুকের নিঃশর্ত মুক্তি দাবী করা হয়েছে।

গতকাল ডাকসু ভবন প্রাঙ্গণে সর্বদলীয় ছাত্রঐক্যের এক প্রতিবাদ সমাবেশে এই দাবী জানানো হয়। এতে বক্তৃতা করেন ছাত্রনেতা শফী আহমেদ

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## ১০ দফা পূরণ

(প্রথম পৃষ্ঠার পর)

ও রাজু আহমেদ।

সমাবেশে হুশিয়ারী উচ্চারণ করে বলা হয়, ছাত্রঐক্যের নেতৃবৃন্দকে মিথ্যা মামলায় আটক করা আর স্বৈরাচারী এরশাদের দোসর, দুর্নীতিবাজ ও ক্ষমতার অপব্যবহারকারী শাহ মোয়াজ্জেমদের মুক্তি প্রদান ছাত্র সমাজ সহ্য করবে না।

রাজনৈতিক নেতৃবৃন্দের উদ্দেশে সমাবেশে বক্তারা বলেন, সর্বদলীয় ছাত্রঐক্যের ১০ দফা দাবীতে সুস্পষ্ট ভাবে সরকার পদ্ধতি সম্পর্কে দিক-নির্দেশনা দেয়া আছে। এছাড়া বৈদেশিক নীতি, শিক্ষানীতি, অর্থনীতির বিষয়েও ছাত্র সমাজের মতামত এই দাবীনামায় পেশ করা হয়েছে। তাই যারা নতুন সরকার গঠন করবেন ও সরকারের বাইরে থাকবেন তাদের ছাত্রঐক্যের এই ১০-দফা পূরণে এগিয়ে আসার জন্য সমাবেশে আহবান জানানো হয়।

সমাবেশ শেষে ক্যাম্পাসে একটি বিক্ষোভ মিছিল বের করা হয়। খবর প্রেস বিজ্ঞপ্তির।